# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## যুক্তিবিদ্যা প্রথম পত্র

বিষয় কোড : | ১ | ২ | ১ |

**সৃজনশীল প্রশ্ন**

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান: ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ★ শিক্ষক যুক্তিবিদ্যার উপর প্রথম ক্লাস নেওয়ার পর একজন ছাত্র জাওয়াদ তার অপর সহপাঠী রুদ্রকে বলল, আজকের পড়ায় স্যার যা বললেন তাতে মনে হচ্ছে, যুক্তিবিদ্যা না পড়লে জ্ঞানের জগতে প্রবেশের শুরুটাই যথার্থ হচ্ছে না এবং কীভাবে জ্ঞান-বিজ্ঞানের আলোচনা করতে হয় তাও আমরা জানতে পারবো না। তখন রুদ্র তাতে একমত হয়ে বলল, ঠিক বলেছিস, তবে স্যারের কথায় মনে হচ্ছে, যুক্তিবিদ্যায় যেমন বিভিন্ন তাত্ত্বিক বিষয় আছে তেমনি সেগুলো প্রয়োগের কৌশলও রয়েছে।

ক. যুক্তিবিদ্যা কাকে বলে? ১

খ. যুক্তিবিদ্যাকে আদর্শনিষ্ঠ বিজ্ঞান বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. জাওয়াদের কথায় কোন যুক্তিবিদের বক্তব্য প্রকাশ পেয়েছে? আলোচনা কর। ৩

ঘ. যুক্তিবিদ্যার স্বরূপ ব্যাখ্যায় রুদ্রের কথাটির মূল্যায়ন কর। ৪

২. ★ ফারহান ও মুগ্ধ দুই ভাই। উভয়ই মেধাবী শিক্ষার্থী। ফারহান যেকোনো বিষয় যৌক্তিকভাবে চিন্তা করার মাধ্যমে বোঝার চেষ্টা করে। এইচ.এস.সিতে পড়ার সময় সে যুক্তিবিদ্যা নেয়। তখন থেকেই সে অন্ধবিশ্বাস ও কুসংস্কারকে অপছন্দ করে। অন্যদিকে মুগ্ধ তার চেয়ে জুনিয়র। আধুনিক তথ্য প্রযুক্তির প্রতি তার প্রবল ঝোঁক। কারণ খুব সহজেই এর মাধ্যমে সে তথ্য সংরক্ষণ, বিশ্লেষণ ও নিজের কাজে ব্যবহার করতে পারে।

ক. দর্শন কাকে বলে? ১

খ. পেশাগত জীবনে নীতিবিদ্যার প্রয়োজন কেন? ২

গ. মুগ্ধ কোন বিষয় নিয়ে পড়ছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ফারহানের জীবনে যুক্তিবিদ্যার বাস্তব প্রয়োগ ঘটেছে– কথাটির মূল্যায়ন কর। ৪

Teachingbd24.com

৩.▶ তাহসীন ও শায়ান কলেজ লাইব্রেরিতে বসে বিভিন্ন বই দেখছিল। তাহসীন একটি বই হাতে নিয়ে বলল, বইটি হয় সুন্দর। শায়ান তখন তার দিকে মনোযোগ দিয়ে বলল, কিছু বই নয় সুন্দর।

ক. শব্দ কাকে বলে? ১

খ. সব বাক্য যুক্তিবাক্য নয় কেন? ২

গ. তাহসীনের বাক্যটি কোন ধরনের যুক্তিবাক্য? ৩

ঘ. তাহসীন ও শায়ানের উক্তিতে কোন ধরনের পার্থক্য বিদ্যমান? আলোচনা কর। ৪

৪. ★ অর্থনীতির শিক্ষক বরকত স্যার বললেন, বাজারে দ্রব্যের সরবরাহ বাড়লে দাম কমে যায়। আবার সরবরাহ কমলে দাম বাড়ে। একজন ছাত্র তখন বলল, স্যার যুক্তিবিদ্যায়ও এ ধরনের একটি বিষয় আছে।

ক. বিবরণমুলক যুক্তিবাক্য কাকে বলে? ১

খ. সার্বিক যুক্তিবাক্যের উদ্দেশ্য পদ ব্যাপ্য কেন? ২

গ. বরকত স্যারের কথায় যুক্তিবিদ্যার কোন বিষয়টির ইঙ্গিত এসেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বিষয়টির হ্রাস-বৃদ্ধির তুলনামূলক আলোচনা কর। ৪

৫.▶ আমাদের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ১৮৯৯ সালে ভারতের পশ্চিমবঙ্গে জন্মগ্রহণ করেন। তিনি বলতেন, "হিন্দু-মুসলমান হলেও আমরা বাঙালি জাতি।"

ক. জাতি কাকে বলে? ১

খ. নঞর্থক যুক্তিবাক্যে কেন বিধেয়ক থাকে না? ২

গ. কবি নজরুল সম্পর্কে বর্ণিত বাক্যটিতে তাঁর কোন কোন বিধেয়কের উল্লেখ আছে? ৩

ঘ. নজরুলের মন্তব্যটির মধ্যে যে দুটি বিধেয়কের ইঙ্গিত আছে সেগুলোর তুলনামূলক আলোচনা কর। ৪

Teachingbd24.com

৬.▶ আইমান ও রাহান পুষ্প প্রদর্শনী দেখতে যায়। গোলাপ, জবা, বেলী, চামেলীসহ বিভিন্ন ধরনের ফুলের সৌন্দর্য দেখে আইমান বলল, সব ফুলই আসলে সুন্দর। তখন রোহান বলল, সবাই এই পৃথিবী ছেড়ে চলে যায়, আমি তুমি যেহেতু মানুষ; তাই আমরাও এক সময় চলে যাব।

ক. অনুমান কাকে বলে? ১

খ. অবরোহ অনুমানের সিদ্ধান্ত নিশ্চিত হয় কেন? ২

গ. রোহানের অনুমানটি কোন ধরনের অনুমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. আইমান ও রোহানের সিদ্ধান্ত-গ্রহণ প্রক্রিয়ার তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৭.▶ নিজ গ্রামের কৃষিজীবীদের মধ্যে একটি গুণ দেখে শফিক সাহেব বলেন, সব কৃষক হয় সরল। অতএব কোনো কৃষক নয় অ-সরল। তাঁর বন্ধু লিটন তখন বললেন, সকল শিক্ষক হন শিক্ষিত। অতএব কোনো অ-শিক্ষিত মানুষ নয় শিক্ষক।

ক. অমাধ্যম অনুমান কাকে বলে? ১

খ. বিশেষ নঞর্থক যুক্তিবাক্যের আবর্তন হয় না কেন? ২

গ. শফিক সাহেবের কথায় কোন অমাধ্যম অনুমানের ইঙ্গিত এসেছে? ৩

ঘ. শফিক সাহেব ও লিটন সাহেবের অনুমানের মধ্যে তুলনামূলক আলোচনা কর। ৪

৮.▶ ফয়সাল তার বন্ধু সাদকে বলছে, জানিস সব মুরগি পোকা খায়, সব মানুষ মুরগি খায়; তাই বলা যায় সব মানুষ পোকা খায়। তখন সাদ বলল, সব মানুষ হয় মরণশীল, সব বিজ্ঞানী হয় মানুষ; অতএব, সব বিজ্ঞানী হয় মরণশীল।

ক. মিশ্র সহানুমান কাকে বলে? ১

খ. সহানুমানে দুটি আশ্রয়বাক্য নঞর্থক হলে সেখান থেকে সিদ্ধান্ত নিঃসৃত হয় না কেন? ২

গ. ফয়সালের অনুমানটিতে কোন অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দুই বন্ধুর অনুমানে কী কী পার্থক্য আছে? আলোচনা কর। ৪

৯.▶ রাফিন যুক্তিবিদ্যার বইয়ে একটি দৃষ্টান্ত পড়ে চিন্তা করছে। দৃষ্টান্তটি হচ্ছে-আকাশ হয় সুন্দর, বৃক্ষ হয় সুন্দর, পাহাড়-নদী-ঝর্ণা হয় সুন্দর; সুতরাং সমগ্র প্রকৃতির জগৎটাই হয় সুন্দর।

Teachingbd24.com

ক. কারণ কাকে বলে? ১
খ. অন্ধকারে দড়িকে মানুষ কেন সাপ মনে করে? ২
গ. রাফিনের দৃষ্টান্তটিতে যে অনুমানের কথা এসেছে তার বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত অনুমানের স্তরগুলো যথাযথভাবে পালন করলে সার্বিক সিদ্ধান্ত গ্রহণ সম্ভব হয়-বিশ্লেষণ কর। ৪

১০. ★ সাফিন ও শোভন সব সময় কলেজের নিয়ম মেনে চলে। তাদের শিক্ষক বলেছিলেন, আমাদের দেহ-যন্ত্র থেকে শুরু করে এ বিশ্বজগতের সব জায়গায় চলছে নিয়মের রাজত্ব। আর সেজন্যই এত সৌন্দর্য। আমাদের সুন্দর হতে হলে অবশ্যই নিয়মের অনুসরণ করতে হবে। সাফিন তখন শোভনকে বলল, আরেকটি কথাও স্যার বলেছেন, পড়ালেখা না করে ভালো ফলাফল করা যায় না এটা যেমন সত্য তেমনি এটাও সত্য, খাবার না খেলে খিদে মেটে না।

ক. পরীক্ষণ কী? ১
খ. কাকতালীয় অনুপপত্তি কেন ঘটে? ২
গ. শিক্ষকের বক্তব্য দুটিতে আরোহের কোন কোন ভিত্তির কথা এসেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. শিক্ষকের দ্বিতীয় বক্তব্যের বিষয়বস্তুকে আবশ্যিকতা ও পর্যাপ্ততার দৃষ্টিকোণ থেকে মূল্যায়ন কর। ৪

১১. ★ বাবা তাঁর সন্তানকে বললেন, "তুমি পরীক্ষায় পাস করবে যদি এবং কেবল যদি তুমি পড়া লেখা কর"। সন্তান তখন বাবার সাথে কথা দেয়, "আমি পড়া লেখা করব এবং পাস করব"।

ক. সাবেকী যুক্তিবিদ্যা কাকে বলে? ১
খ. সব সংকেতকে প্রতীক বলা যায় না কেন? ২
গ. বাবা ও সন্তানের কথায় কোন কোন যৌগিক বাক্যের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর ও প্রতীকের মাধ্যমে প্রকাশ কর। ৩
ঘ. সন্তানের উক্তিটির জন্য p ও q প্রতীক ব্যবহার করে একটি সত্যসারণি প্রস্তুত কর। ৪

https://teachingbd24.com

## যুক্তিবিদ্যা প্রথম পত্র

বিষয় কোড | ১ | ২ | ১ |

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য:—সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. ★ যুক্তিবিদ্যার জনক কে?
ⓚ সক্রেটিস ⓚⓗ প্লেটো
ⓖ এরিস্টটল ⓖⓗ আল ফারাবি

১. **★ যুক্তিবিদ্যার জনক কে?**
(ক) সক্রেটিস (খ) প্লেটো
(গ) এরিস্টটল (ঘ) আল ফারাবি

২. **★ খ্রি. পূ. কোন সালে এরিস্টটলের জন্ম হয়?**
(ক) ৩৮৪ (খ) ৪৮৪
(গ) ৩২২ (ঘ) ৩৯৯

৩. **★ মধ্যযুগের যুক্তিবিদ-**
(ক) পরফিরি (খ) মিল
(গ) রাসেল (ঘ) যোসেফ

৪. **★ যুক্তিবিদ্যাকে শুধু কলা বলেছেন-**
(ক) মিল (খ) জেভন্স
(গ) অলড্রিচ (ঘ) টমসন

৫. **জ্ঞানের পদ্ধতি নির্দেশই যুক্তিবিদ্যার কাজ — কে বলেছেন?**
(ক) এরিস্টটল (খ) মিল
(গ) যোসেফ (ঘ) কপি

৬. **Organon গ্রন্থটি কার রচনা?**
(ক) প্লেটো (খ) এরিস্টটল
(গ) মিল (ঘ) কপি

৭. **★ "যুক্তিবিদ্যা দর্শনের সারবস্তু" কে বলেছেন?**
(ক) এরিস্টটল (খ) যোসেফ
(গ) মিল (ঘ) রাসেল

৮. **★ ethics শব্দের অর্থ কী?**
(ক) নন্দনতত্ত্ব (খ) যুক্তিবিদ্যা
(গ) নীতিবিদ্যা (ঘ) দর্শন

**উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও:**
স্বপন ক্লাসে নিয়মিত পড়া শিখে আসে, ক্লাসে কারো সাথে ঝগড়া করে না, কারো কোনোকিছু না বলে ধরে না। এজন্যই সবাই তাকে ভালোবাসে। তার বন্ধু রাফিনও ভাল ছেলে; তবে সে সব সময় যুক্তির অনুসরণ করে কথা বলে ও সে অনুযায়ী কাজ করে।

৯. **স্বপনের গুণগুলোর সম্পর্ক আছে যে বিদ্যার সাথে-**
(ক) দর্শন (খ) যুক্তিবিদ্যা
(গ) নীতিবিদ্যা (ঘ) নন্দনতত্ত্ব

১০. **স্বপন ও রাফিনের সাথে সম্পর্কিত বিষয় দুটির ক্ষেত্রে প্রযোজ্য, উভয়ই-**
(ক) আদর্শনিষ্ঠ বিজ্ঞান
(খ) আকারগত বিজ্ঞান
(গ) বস্তুগত বিজ্ঞান
(ঘ) সব বিজ্ঞানের সেরা বিজ্ঞান

১১. **শিক্ষক-ছাত্র, সৎ-অসৎ ও বই-কলম যথাক্রমে-**
(ক) সাপেক্ষ, নিরপেক্ষ ও বিরুদ্ধ পদ
(খ) নিরপেক্ষ, বিরুদ্ধ ও সাপেক্ষ পদ
(গ) সাপেক্ষ, বিরুদ্ধ ও নিরপেক্ষ পদ
(ঘ) সদর্থক, নঞর্থক ও ব্যাহতার্থক পদ

**উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও:**
সিফাত বলল, সব কাক হয় মরনশীল। তখন রিফাত জবাব দেয়, তবে কিছু কাক হয় সাদা।

১২. **সিফাতের উক্তিটি—**
(ক) সার্বিক সদর্থক (A)
(খ) সার্বিক নঞর্থক (E)
(গ) বিশেষ সদর্থক (I)
(ঘ) বিশেষ নঞর্থক (O)

১৩. **সিফাত ও রিফাতের যুক্তিবাক্যে উদ্দেশ্যপদ যথাক্রমে—**
i. সার্বিক ও বিশেষ
ii. অব্যাপ্য ও ব্যাপ্য
iii. ব্যাপ্য ও অব্যাপ্য
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৪. **বহুকারণবাদ কথাটি সর্বপ্রথম কে ব্যবহার করেন?**
(ক) বেন (খ) মিল
(গ) কার্ভেথ রিড (ঘ) যোসেফ

Teachingbd24.com

১৫. সূর্য পূর্বদিকে উঠে— এতে কোন অনুপপত্তি ঘটেছে?
ক অনিরীক্ষণ
খ কাকতালীয়
গ ব্যক্তিগত ভ্রান্ত নিরীক্ষণ
ঘ সার্বজনীন ভ্রান্ত নিরীক্ষণ

১৬. ★ নিরীক্ষণের পরিসর পরীক্ষণের চেয়ে-
ক কম ব্যাপক খ বেশি ব্যাপক
গ সমান ব্যাপক ঘ সংকীর্ণ

১৭. ★ আরোহের কূটাভাস আরোহের কোন ভিত্তির সাথে জড়িত?
ক প্রকৃতির নিয়ম খ কার্যকারণ
গ পরীক্ষণ ঘ নিরীক্ষণ

১৮. ছাত্ররা আকাশে কালো মেঘ দেখে বৃষ্টির আশংকা করল— এখানে কালো মেঘ-
ক প্রতীক
খ সংকেত
গ যোজক
ঘ প্রতীক ও সংকেত উভয়ই

১৯. ★ যৌগিক বাক্য কত প্রকার?
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫

২০. প্রাকল্পিক ও বৈকল্পিক বাক্যের যৌক্তিক যোজক কোনগুলো?
i. যদি-তবে
ii. এবং
iii. হয়- না হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২১. ★ X, Y ও Z সত্য হলে, X, Y, Z এর সত্য মান হবে—
ক সমগ্র বাক্য মিথ্যা খ সমগ্র বাক্য সত্য
গ অনির্ধারিত ঘ সংশয়যুক্ত

২২. ★ পরফিরি বিধেয়ককে কয়টি শ্রেণিতে ভাগ করেন?
ক ৩ খ ২
গ ৪ ঘ ৫

২৩. ★ সবচেয়ে বড় জাতি কোনটি?
ক অবর জাতি খ মধ্যবর্তী জাতি
গ আসন্নতম জাতি ঘ পরতম জাতি

২৪. নিচের কোন বাক্যটিতে বিধেয়ক নেই?
ক মানুষ হয় হাস্যপ্রিয়
খ মানুষ হয় দ্বিপদবিশিষ্ট
গ মানুষ নয় চতুষ্পদী
ঘ মানুষ হয় বুদ্ধিবৃত্তিসম্পন্ন প্রাণী

২৫. অনুমান হতে হলে যে বিষয়গুলো অপরিহার্য-
i. এক বা একাধিক জ্ঞাত বাক্য
ii. একটি নতুন বাক্য
iii. তাদের মধ্যে অনিবার্য সম্পর্ক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. ★ অবরোহ অনুমান প্রধানত কত প্রকার?
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫

২৭. বিশেষ সদর্থক যুক্তিবাক্যের প্রতি আবর্তন সম্ভব নয়, কারণ—
ক আশ্রয়বাক্যের অব্যাপ্য পদ সিদ্ধান্তে ব্যাপ্য হয় না
খ আশ্রয়বাক্যের অব্যাপ্য পদ সিদ্ধান্তে ব্যাপ্য হয়
গ সদর্থক যুক্তিবাক্যের প্রতি আবর্তন হয় না
ঘ নঞর্থক যুক্তিবাক্যের আবর্তন হয় না

২৮. সহানুমানের মধ্যপদকে তুলনা করা যায় কার সাথে?
ক প্রতিষ্ঠান প্রধান খ নৌকার মাঝি
গ বাড়ির মালিক ঘ বিবাহের ঘটক

২৯. ★ সহানুমানের চতুর্থ সংস্থান কোন সংস্থানের বিপরীত?
ক ১ম খ ২য়
গ ৩য় ঘ ৪র্থ

৩০. ★ BRAMANTIP মূর্তিটির সিদ্ধান্তসূচক বাক্যটি হচ্ছে-
ক সার্বিক সদর্থক খ সার্বিক নঞর্থক
গ বিশেষ সদর্থক ঘ বিশেষ নঞর্থক

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ক | ৩ | ক | ৪ | গ | ৫ | ক | ৬ | খ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | গ | ১০ | ক | ১১ | গ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | গ | ২০ | খ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | গ |

Teachingbd24.com